অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/10/2026 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেট জুড়ে সমর্থন বৃদ্ধি পাচ্ছে বলে গভর্নর হোকল লেট দেম বিল্ড তাদের এজেন্ডার জন্য জনসভা করেছেন

স্টেট এনভায়রনমেন্টাল কোয়ালিটি রিভিউ অ্যাক্ট এর প্রস্তাবিত নীতিগত পরিবর্তনগুলি ব্যবহারিক, সহজবোধ্য এবং ব্যাপকভাবে গ্রহণযোগ্য সমাধান হিসাবে উপস্থাপিত করে আবাসিক অঞ্চল নির্মাণের গতি বাড়াবে এবং একই সাথে পরিবেশগত নিরাপত্তা সংরক্ষণ করবে

এজেন্ডা রেড টেপ দূর করবে যা পরিষ্কার পানি, সবুজ ইনফ্রাস্ট্রাকচার, এবং পার্কের মতো অতি গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচার নির্মাণকে বিলম্বিত করে

স্টেট এনভায়রনমেন্টাল রিভিউয়ের জন্য স্পষ্ট টাইমলাইন প্রতিষ্ঠা করবে, রিভিউয়ের প্রক্রিয়াকে স্ট্যান্ডার্ডাইজড এবং সরল করবে, এবং বড় প্রজেক্টের কাজ আরো দ্রুত করবে

নিউ ইয়র্কের আবাসন সংকট মোকাবেলা এবং স্টেটটিকে সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য আরও সাশ্রয়ী মূল্যের এবং বাসযোগ্য করে তোলার জন্য গভর্নরের ঐতিহাসিক এজেন্ডার উপর ভিত্তি করে নির্মিত

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ স্থানীয় নেতাদের সাথে জনসমাবেশ করে তার "লেট দেম বিল্ড (Let Them Build)" এজেন্ডাটি তুলে ধরেন, যা তার 2026 সালের স্টেট অফ দ্যা স্টেট (State of the State) এর অংশ হিসেবে আবাসন ও অবকাঠামো উন্নয়নকে ত্বরান্বিত করার এবং খরচ কমানোর জন্য একগুচ্ছ যুগান্তকারী সংস্কার। এই উদ্যোগটি নিউ ইয়র্কের স্টেট এনভায়রনমেন্টাল কোয়ালিটি রিভিউ অ্যাক্ট (State Environmental Quality Review Act, SEQRA) -এ প্রস্তাবিত নীতিগত পরিবর্তনগুলি ব্যবহারিক, সহজবোধ্য এবং ব্যাপকভাবে গ্রহণযোগ্য সমাধান হিসাবে উপস্থাপিত করে (কমন সেন্স রিফর্মস) একটি ধারাবাহিকতা তৈরি করবে এবং পরিবেশের ওপর ধারাবাহিকভাবে উল্লেখযোগ্য পরিবেশগত প্রভাব ফেলছে না বলে প্রমাণিত এমন গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি, যা দীর্ঘদিন ধরে অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলার জালে (অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলা) আটকে আছে এবং দীর্ঘ বিলম্বের সম্মুখীন হচ্ছে, সেগুলিকে ত্বরান্বিত করার জন্য নির্বাহী পদক্ষেপ গ্রহণ করবে। একসাথে, এই পদক্ষেপগুলি স্থানীয়দের কাঙ্ক্ষিত আবাসন এবং অবকাঠামো নির্মাণকে সহজ করে তুলবে। গভর্নরের প্রস্তাবটি এখন নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ কাউন্টিজ (New York State Association of Counties, NYSAC),

নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ টাউনস (New York State Association of Towns, NYAOT), এবং নিউ ইয়র্ক স্টেট কনফারেন্স অফ মেয়রস (New York State Conference of Mayors, NYCOM), নিউ ইয়র্ক সিটির মেয়র Zohran Mamdani (জোহরান মামদানি) এবং নিউ ইয়র্ক জুড়ে সম্প্রদায়ের কয়েক ডজন স্থানীয় নির্বাচিত কর্মকর্তার সমর্থন পেয়েছে।

"অনেক দিন ধরে অপ্রয়োজনীয়, পুরনো অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলার ব্যবস্থা নিউ ইয়র্কবাসীদের আবাসন সংকট মোকাবেলা এবং আমাদের স্টেট জুড়ে সম্প্রদায়ের জীবনকে আরও সাশ্রয়ী করে তোলার জন্য প্রয়োজনীয় আবাসন এবং অবকাঠামোর পথে বাধা হয়ে দাঁড়িয়েছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্ককে আমরা এমন জায়গা বলে মনে করি যেখানে আমাদের উচ্চাকাঙ্ক্ষা অসীম - আমরা এমন একটি স্টেট যা ভৌত অবকাঠামো বা নিরাপত্তা কিন্তু এর জনগণের মধ্যে উদ্দেশ্য, পরিচয় এবং সম্মিলিত অনুভূতি গড়ে তোলে। এখন সময় এসেছে যে আমরা, প্রায়শই প্রকল্পগুলিকে ধীর করে দেওয়া এবং সম্প্রদায়গুলিকে গড়ে তুলতে বাধা দেওয়া, অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলা কমানোর, যাতে আমরা সমস্ত নিউ ইয়র্কবাসীকে তাদের প্রাপ্য আরও সাশ্রয়ী মূল্যের এবং বাসযোগ্য স্টেট প্রদান করতে পারি এবং নিউ ইয়র্ককে নিজের আবাস মনে করতে ইচ্ছুক নতুন বাসিন্দাদের আকর্ষণ করতে পারি।"

বর্তমানে নিউ ইয়র্কে বড় প্রজেক্ট করা অনেক বেশি কঠিন হয়ে পড়েছে: ধারণা থেকে শুরু করে কাজ শুরু করা পর্যন্ত ম্যানুফ্যাকচারিং, হাউজিং এবং এনার্জি প্রজেক্টের জন্য সমতুল স্টেটগুলির থেকে নিউ ইয়র্ক স্টেটে 56 শতাংশ পর্যন্ত বেশি সময় লাগতে পারে। বেশি লম্বা প্রজেক্টের অর্থ হলো আরো বেশি খরচ, নিউ ইয়র্কের হাউজিং সঙ্কটের মুখে এই সমস্যাকে আরো অনেক বড় মনে হয়, যেখানে বেশি দাম এবং কম বাসা থাকার একমাত্র সমাধান হলো আগের থেকে আরো দ্রুত, এবং আরো কম খরচে আরো হাউজিং বানানো। সিটিজেন বাজেট কমিশn (Citizens Budget Commission) এর একটি প্রতিবেদন অনুসারে, অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলার কারণে নিউ ইয়র্ক সিটিতে প্রতি ইউনিট আবাসন নির্মাণের খরচ 82,000 ডলার বৃদ্ধির সমান। একইভাবে, দুর্বহ বাধ্যবাধকতা, বিশুদ্ধ পানির অবকাঠামো, শিশু পরিচর্যা কেন্দ্র, এবং পার্কগুলিতে অত্যন্ত প্রয়োজনীয় বিনিয়োগকে বিলম্বিত করে।

নিউ ইয়র্ক সিটির মেয়র Zohran Mamdani (জোহরান মামদানি) বলেন, "নিউ ইয়র্ক সিটিতে আবাসন বানানো সহজ না করলে আমরা আমাদের আবাসন সংকটের সমাধান করতে পারবো না। পরিবেশগত পর্যালোচনার সংস্কার আমাদের নিয়মকানুনকে 21 শতকের জন্য মানানসই করবে এবং নিশ্চিত করবে যাতে আমরা প্রয়োজনীয় সময়ের মধ্যেই ক্রয়ক্ষমতার এজেন্ডা পূরণ করতে পারি। এই নীতিগত পরিবর্তনগুলি ব্যবহারিক, সহজবোধ্য এবং ব্যাপকভাবে গ্রহণযোগ্য সমাধান হিসাবে উপস্থাপিত করার প্রস্তাবের জন্য আমি গভর্নর Hochul (হোকল) এর প্রশংসা করি এবং আশা করি এটি এই বছর প্রণীত স্টেট বাজেটের একটি অংশ হবে। নিউ ইয়র্কবাসীরা আবাসন সংক্রান্ত পদক্ষেপের জন্য অনেকদিন ধরে অপেক্ষা করছেন।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ কাউন্টিজের (New York State Association of Counties) এক্সিকিউটিভ ডিরেক্টর Stephen Acquario (স্টিফেন অ্যাকোয়ারিও) বলেন, "পুরো নিউ ইয়র্ক স্টেটের কাউন্টিগুলি জানে যে স্টেটের Environmental Quality Review Act

আমাদের প্রাকৃতিক সম্পদ এবং কমিউনিটি রক্ষা করতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, কিন্তু আমরা এটিও জানি যে বর্তমান SEQR প্রক্রিয়াটি অনেক বেশি জটিল, সময়, এবং খরচ বাড়াতে পারে — যার ফলে প্রায়ই এমন আবাসন ও অবকাঠামো প্রকল্পের দেরি হয় যেগুলির পরিবেশের উপর খুব সামান্য প্রভাব আছে বা কোনো প্রভাবই নেই। SEQR ফ্রেমওয়ার্কের জন্য গভর্নরের রিভিউকে আমরা স্বাগত জানাচ্ছি এবং প্রক্রিয়াটিকে এমন উপায়ে আধুনিক করতে তার এবং আইনসভার সাথে কাজ করতে আগ্রহী যা দৃঢ় পরিবেশের সুরক্ষা সংরক্ষিত রাখে এবং একই সাথে কাউন্টি ও মিউনিসিপ্যালিটিগুলিকে নিউ ইয়র্কবাসীদের জন্য অতি প্রয়োজনীয় হাউজিং ও ইনফ্রাস্ট্রাকচার দেওয়া সম্ভব হয়।"

নিউ ইয়র্ক স্টেট কনফারেন্স অফ মেয়রস (Conference of Mayors)-এর নির্বাহী পরিচালক Barbara Van Epps (বারবারা ভ্যান এপস) বলেন, "স্থানীয় নিয়ন্ত্রণ বজায় রেখে স্টেট এনভায়রনমেন্টাল কোয়ালিটি রিভিউ অ্যাক্ট (State Environmental Quality Review Act, SEQRA) প্রক্রিয়াকে সহজতর করার ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল) এর প্রচেষ্টার জন্য NYCOM তাকে সাধুবাদ জানায়। SEQRA পরিবেশ রক্ষার জন্য তৈরি করা হয়েছিল, কিন্তু এটি প্রায়শই এমন প্রকল্পগুলিকে বিলম্বিত করতে বা আটকাতে ব্যবহৃত হয়েছে যা স্পষ্টতৈ পরিবেশগত ভাবে এবং কমিউনিটিকে সুবিধা প্রদান করবে। এই লক্ষীভূত সংস্কারগুলি ন্যূনতম পরিবেশগত প্রভাব সহ প্রকল্পগুলি ত্বরান্বিত করে একটি গুরুত্বপূর্ণ ভারসাম্য রক্ষা করবে এবং কমিউনিটিগুলিকে আবাসন, পানি এবং বর্জ্য পানির অবকাঠামো এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবাগুলিতে গুরুত্বপূর্ণ বিনিয়োগের সাথে এগিয়ে যাওয়ার সুযোগ দেবে।"

নিউ ইয়র্ক অ্যাসোসিয়েশন অফ টাউনস (Association of Towns) এর নির্বাহী পরিচালক Christopher A. Koetzle (ক্রিস্টোফার এ. কোয়েটজল) বলেন, "নিউ ইয়র্ক অ্যাসোসিয়েশন অফ টাউনস গভর্নরের অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলা কাটানোর এবং স্টেট এনভায়রনমেন্টাল কোয়ালিটি রিভিউ অ্যাক্ট (SEQRA) আধুনিকীকরণের প্রচেষ্টাকে সমর্থন করে। আমরা গভর্নরের সাথে আমাদের অব্যাহত অংশীদারিত্ব এবং স্থানীয় প্রশাসনগুলিকে আরও দক্ষ করে তুলতে এবং ভূমি-ব্যবহার পর্যালোচনা প্রক্রিয়ার অখণ্ডতা নিশ্চিত করতে আমাদের একযোগে কাজ করার প্রত্যাশা রাখি।"

আমাদের কমিউনিটিগুলিকে আমাদের প্রয়োজনীয় হাউজিং বানাতে সাহায্য করা

গভর্নর Hochul (হোকল) যখন দায়িত্ব গ্রহণ করেন, তখন তিনি প্রতিজ্ঞা করেছিলেন যে হাউজিং সংকটের সামাল দিবেন এবং হাউজিং তৈরি করবেন নিউ ইয়র্কবাসীদের জন্য অনেক বেশি দরকার, যাতে করে পরিশ্রমী গৃহস্থলি এবং পরিবারগুলির কাছে বাসা বলার মতো স্থান পাওয়ার সামর্থ্য থাকে। তবে, অত্যন্ত প্রয়োজনীয় সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের জন্য স্টেটের আদেশ দ্বারা সৃষ্ট অপ্রয়োজনীয় অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলার জালে জড়িয়ে পড়তে বাধ্য করা হয় যা অপ্রয়োজনীয় ব্যয় এবং কোনো কারণ ছাড়াই বছরের পর বছর বিলম্ব হয়, যদিও এই ধরনের আবাসন উন্নয়নের জন্য, পরিবেশের ওপর সেরকম কোনও নেতিবাচক প্রভাব পড়বে না বলে দেখা গেছে। স্টাডিতে কোয়ান্টিফাই করা গেছে যে কীভাবে স্টেটের বাধ্যতামূলক এনভায়রনমেন্টাল রিভিউ হাউজিং প্রজেক্টকে গড়ে দুই বছর করে পিছিয়ে দিতে পারে, যার ফলে প্রতি প্রজেক্টের জন্য কয়েক লাখ মার্কিন ডলার খরচ হয়, এমন একটি

সময় যখন নিউ ইয়র্কবাসীরা নিউ ইয়র্কে বসবাস এবং সমৃদ্ধি করতে থাকতে তাদের হাউজিংয়ের জন্য একটুও অপেক্ষা করতে পারছেন না।

আরো সাশ্রয়ী এবং দীর্ঘস্থায়ী নিউ ইয়র্ক তৈরি করতে আবাসন গড়ে তোলা দ্রুত করার জন্য গভর্নর Hochul (হোকল) স্টেটের এনভায়রনমেন্টাল কোয়ালিটি রিভিউ অ্যাক্ট সংশোধন করার প্রস্তাব দিয়েছেন, যাতে পরিবেশের উপর কোনো উল্লেখযোগ্য নেতিবাচক প্রভাব নেই এমন নির্দিষ্ট ধরণের আবাসন প্রকল্পগুলিকে বাড়তি SEQRA পর্যালোচনার আওতার বাইরে রাখা হয়, তবে এগুলির জন্য স্থানীয় জোনিং করতে হবে। তা সত্বেও, SEQRA থেকে ছাড় পাওয়া আবাসনকে, পানির ব্যবহার, বাতাসের গুণমান, পরিবেশ সংক্রান্ত ন্যায্যতা এবং প্রাকৃতিক সম্পদ সুরক্ষার ব্যাপারে, স্টেটের অত্যন্ত গুরুত্বপূর্ণ নিয়ামক এবং অনুমোদনের আবশ্যিকতাগুলিকে মেনে চলতে হবে। এই প্রস্তাবটি স্থানীয় জোনিং এবং অন্যান্য অনুমতি সংক্রান্ত আবশ্যিকতাগুলিকে বাতিল করে না এবং সেইসাথে, ছাড় পাওয়া আবাসনগুলিকে, যোগ্যতা অর্জনের জন্য, অবশ্যই বন্যার ঝুঁকি থাকা এলাকার বাইরে অবস্থিত হতে হবে।

নিউ ইয়র্ক সিটি এবং স্টেট জুড়ে এক হাজারেরও বেশি প্রকল্পের বেশ কয়েক বছরের অভিজ্ঞতা থেকে দেখা গেছে যে কার্যত এই ধরনের কোনও প্রকল্পেরই পরিবেশের ক্ষেত্রে সেরকম কোনো নেতিবাচক প্রভাব নেই, তা সত্বেও দীর্ঘদিন ধরে পর্যালোচনা করা হয়েছিল। এই সংশোধনগুলি অতি প্রয়োজনীয় হাউজিংয়ের গতি দ্রুত করবে এবং এমন উপায়ে ভবনের খরচ কম করবে যা সাস্টেনেবল এবং পরিবেশগতভাবে সুরক্ষামূলক ডেভেলপমেন্টের সাথে মানানসই হবে, যা পুরো স্টেটে হাউজিং এবং ভাড়ার খরচ কম করবে এবং একই সাথে আমাদের প্রাকৃতিক রিসোর্সকে রক্ষা করবে।

অতি গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্টের গতি দ্রুত করবে যার উপর নিউ ইয়র্কবাসীরা নির্ভর করেন

এছাড়াও গভর্নর Hochul (হোকল) অনেক ধরনের লাভজনক অবকাঠামো, যার উপর নিউ ইয়র্কবাসীরা নির্ভর করেন, সেগুলিকে আরো দ্রুত, আরো কম খরচে সম্পন্ন করার প্রস্তাব করবেন। বিশেষ করে, গভর্নর SEQRA-এর শ্রেণীবিন্যাসের সামঞ্জস্যবিধান করার প্রস্তাব করেছেন যাতে নির্দিষ্ট মানদণ্ড পূরণকারী নিম্নলিখিত গুরুত্বপূর্ণ বিভাগগুলির অবকাঠামোগুলিকে অতিরিক্ত SEQRA পর্যালোচনা থেকে বাদ দেওয়া হয়, যাতে নিউ ইয়র্কবাসীদের দ্রুত পরিষেবা দেওয়া শুরু করা যায়:

- পরিষ্কার পানির ইনফ্রাস্ট্রাকচার: অতি গুরুত্বপূর্ণ পানির অবকাঠামো প্রকল্প যার প্রাকৃতিক সম্পদের উপর কোনো নেতিবাচক প্রভাব থাকবে না।
- সবুজ ইনফ্রাস্ট্রাকচার: প্রকৃতি ভিত্তিক ঝড়ের পানির ব্যবস্থাপনা।
- পার্ক এবং ট্রেইল: পাবলিক পার্ক এবং বিনোদনমূলক বাইক/পথচারীদের জন্য পথ
- চাইল্ড কেয়ার: নতুন বা সংস্কারকৃত শিশু পরিচর্যা কেন্দ্র

গভর্নর Hochul (হোকল) এর প্রস্তাবে এই দ্রুত পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়াগুলি কেবলমাত্র সেই অবকাঠামোর জন্য সংরক্ষণ করা হবে যা এমন এলাকায় অবস্থিত হবে যা পূর্বে প্রতিকূল ছিল, যা আমাদের প্রাকৃতিক সম্পদ এবং অখণ্ড ভূমি রক্ষা করবে, একই সাথে আমাদের পারিপার্শ্বিক অঞ্চলগুলিকে শক্তিশালী করবে। গভর্নরের চেষ্টার কারণে পরিবেশের বাস্তব লাভ হবে, যেমন উন্নত বাতাস ও পানির মাণ, গ্রিনহাউজ গ্যাস এমিশন কম, এবং অতি গুরুত্বপূর্ণ

বন্যপ্রাণীর থাকার স্থান রক্ষা করা, সেই সব পলিসির তুলনায় যা প্রাকৃতিক এলাকায় বাড়তে থাকা এবং নিয়ন্ত্রণহীন ডেভেলপমেন্টকে সমর্থন করে।

বর্তমানে SEQRA রিভিউয়ের সময়কাল প্রজেক্ট অনুযায়ী আলাদা আলাদা হয়, যা স্থানীয় কমিউনিটি, প্রজেক্টের স্পন্সর, এবং স্টেটের এজেন্সি সকলের জন্য অনিশ্চয়তা তৈরি করে। অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলা দূর করার জন্য, গভর্নর Hochul (হোকল) প্রস্তাব করেছেন:

- পরিবেশগত প্রভাবের বিবৃতির জন্য স্পষ্ট সময়সীমা নির্ধারণ এবং জবাবদিহিতা বৃদ্ধির মাধ্যমে স্থানীয় কমিউনিটির জন্য দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা।
- প্রকল্পের মূল বিভাগগুলির জন্য পর্যালোচনার সময়সীমা কমাতে পরিবেশগত প্রভাবের বিবৃতিগুলিকে সহজতর করা
- নিউ ইয়র্কের অনুমতি প্রক্রিয়াগুলিকে আধুনিকীকরণ করা যাতে প্রক্রিয়াগুলি উন্নত করে এবং নতুন প্রযুক্তি ব্যবহার করে এলাকাগুলির সময় এবং অর্থ সাশ্রয় করা যায়
- নিউ ইয়র্কবাসীদের দ্রুত সেবা প্রদানের জন্য মূল স্টেট অবকাঠামো প্রকল্পগুলি ত্বরান্বিত করা
- একটি নতুন পারমিটিং অ্যাকাডেমির মাধ্যমে স্থানীয় কমিউনিটিগুলিকে সহায়তা করা

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এর কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিসনাউস্কাস) বলেন, "নিউ ইয়র্কবাসীদের অ্যাপার্টমেন্ট ভাড়া নেওয়ার এবং তাদের সামর্থ্য অনুযায়ী বাড়ি কেনার আরও সুযোগের প্রয়োজন। গভর্নরের "লেট দেম বিল্ড" এজেন্ডায় বর্ণিত SEQRA সংস্কারগুলি আবাসন সরবরাহ বৃদ্ধি এবং এর সাথে যুক্ত অবকাঠামো এবং কমিউনিটির সম্পদ নির্মাণের প্রক্রিয়ায় স্বচ্ছতা, গতি এবং ন্যায্যতা এনে তা নিশ্চিত করবে। গভর্নর যে পরিবর্তন এবং আধুনিকীকরণের প্রস্তাব করছেন তা আমাদের প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ এবং সুরক্ষা অব্যাহত রাখার পাশাপাশি কোনও প্রকল্পের ভৌত নির্মাণ বা খনন পর্ব আনুষ্ঠানিকভাবে শুরু করার সময় পঞ্চাশ শতাংশেরও বেশি কমিয়ে দেবে। এটি একটি অভূতপূর্ব ধারণা যা মানুষের প্রাপ্য বাড়ি এবং সমৃদ্ধ কমিউনিটিগুলি তৈরিতে বিরাট পরিবর্তন আনবে।"

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সুরক্ষা দপ্তর (Department of Environmental Conservation) এর কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "গভর্নর Hochul (হোকল) এর 'লেট দেম বিল্ড' এজেন্ডাটি প্রাকৃতিক সম্পদের উপর নেতিবাচক প্রভাব এড়াতে, পূর্বে বিঘ্নিত স্থানগুলিতে উন্নয়ন চালিয়ে যাওয়ার মাধ্যমে সঠিক কাজ করার জন্য উৎসাহিত করার উপর কেন্দ্রীভূত। SEQRA-তে নীতিগত পরিবর্তনগুলি ব্যবহারিক, সহজবোধ্য এবং ব্যাপকভাবে গ্রহণযোগ্য সমাধান হিসাবে উপস্থাপিত করে জোনযুক্ত এবং অনুমোদিত সাশ্রয়ী মূল্যের আবাসন এবং নিউ ইয়র্কবাসীদের জন্য প্রয়োজনীয় অন্যান্য গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পগুলির সরবরাহকে ত্বরান্বিত করবে এবং গুরুত্বপূর্ণ পরিবহন উন্নতি, পৌর অবকাঠামো এবং স্থানীয় কদসগহলগঊগী উপকারে আসা অন্যান্য প্রকল্পগুলির পরিবেশগত পর্যালোচনার সময়সীমা আরও নিশ্চিত করবে। প্রাকৃতিক এলাকার বিস্তার এবং অনিয়ন্ত্রিত উন্নয়নকে উৎসাহিত করে এমন নীতির তুলনায় গভর্নরের এই পদ্ধতি বাস্তবসম্মত পরিবেশগত সুবিধা প্রদান করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "গভর্নর Hochul (হোকল) এর 'লেট দেম বিল্ড' এজেন্ডাটি সমস্ত নিউ ইয়র্কবাসীর সুবিধার্থে আবাসন, অবকাঠামো এবং পরিচ্ছন্ন শক্তি প্রকল্প বাস্তবায়নের দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। পরিবেশগত পর্যালোচনা আধুনিকীকরণ, স্পষ্ট ও জবাবদিহিমূলক সময়সীমা নির্ধারণ এবং শক্তিশালী পরিবেশগত সুরক্ষা বজায় রেখে অপ্রয়োজনীয় বাধা অপসারণের মাধ্যমে, এই সংস্কারগুলি ব্যয় হ্রাস করবে, দায়িত্বশীল উন্নয়নকে ত্বরান্বিত করবে এবং স্টেটজুড়ে কমিউনিটিগুলিকে শক্তিশালী করবে।"

নিউ রোশেল (New Rochelle) সিটির মেয়র Yadira Ramos-Herbert (ইয়াদিরা রামোস-হার্বার্ট) বলেন, "স্থানীয় সরকারগুলি আবাসন, অবকাঠামো, এবং কমিউনিটির উন্নয়নের ক্ষেত্রে সম্মুখসারিতে থাকে এবং অনেক দীর্ঘ, বারংবার একই কাজ করা পর্যালোচনা প্রক্রিয়া এমন প্রকল্পকে ধীর করতে পারে যার উপর বাসিন্দারা আস্থা রেখেছেন। SEQRA আধুনিক করতে গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবনা আমাদের পরিবেশকে রক্ষা করার প্রয়োজন বুঝে এবং একই সাথে কমিউনিটির জন্য দায়িত্বশীলভাবে অগ্রসর হওয়া আরো সহজ করে। অপ্রয়োজনীয় দেরি কম করে এবং সমন্বয় উন্নত করে এই সংশোধনগুলি খরচ কম করতে, স্বচ্ছতা বাড়াতে, এবং আমাদেরটির মতো মিউনিসিপ্যালিটিগুলিকে আরো কার্যকরভাবে পরিকল্পনা ও নির্মাণ করতে দিবে। সাস্টেনেবল বিকাশ এবং আরো শক্তিশালী, আরো স্থিতিশীল কমিউনিটিকে সমর্থন করা চিন্তাশীল সংশোধন অগ্রসর করতে গভর্নরের নেতৃত্বের জন্য আমি কৃতজ্ঞ।"

পিকস্কিল (Peekskill) সিটির মেয়র Vivian C. McKenzie (ভিভিয়ান সি ম্যাকেঞ্জি) বলেন, "স্থানীয় সরকারগুলির জন্য, সময় গুরুত্বপূর্ণ। SEQRA আধুনিক করতে গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবের উদ্দেশ্য হলো অপ্রয়োজনীয় দেরি কম করা যাতে কমিউনিটিগুলি হাউজিং, ইনফ্রাস্ট্রাকচার, এবং জীবনযাপনের মাণের জন্য এমন প্রজেক্ট অগ্রসর করতে পারে যার জন্য বাসিন্দারা অপেক্ষা করছেন। এই সংশোধনগুলি পরিবেশের সুরক্ষাকে সম্মান জানায় এবং একই সাথে সিটি এবং টাউনগুলিকে দায়িত্বশীলভাবে পরিকল্পনা, নির্মাণ, এবং বিকাশের প্রয়োজনীয় ব্যবস্থা দেয়। স্মার্ট সংশোধন আমাদের পরিবেশ এবং আমাদের স্থানীয় অর্থনীতি উভয়কে জোরদার করতে পারে তা বুঝতে পারার ক্ষেত্রে গভর্নরের নেতৃত্বের জন্য আমি কৃতজ্ঞ।"

পেলহ্যাম (Pelham) ভিলেজের মেয়র Chance Mullen (চান্স মুলেন) বলেন, "স্থানীয় নেতারা অনেক দিন ধরেই SEQRA সংশোধনের অনুরোধ করছেন, এবং গভর্নর Hochul (হোকল) যে তা শুনেছেন এই ব্যাপারটি উৎসাহ দিচ্ছে। আমি সাবধানতার সাথে আশাবাদী যে এই প্রস্তাবনাটি কমিউনিটিগুলিকে এমন হাউজিং দিতে দিবে যা আমাদের বাসিন্দাদের প্রয়োজন এবং একই সাথে অপ্রয়োজনীয় রেড টেপ দূর করবে। সাধারণ নিউ ইয়র্কবাসীর জন্য খরচ কমাতে এবং আমাদের নাগরিকদের চাহিদা পূরণ করতে বাসা বানানো সহজ করা অতি প্রয়োজনীয়।"

ফ্রেডোনিয়া (Fredonia) ভিলেজের মেয়র Mike Ferguson (মাইক ফার্গুসন) বলেন, "স্টেটের Environmental Quality Review Act-এর বর্তমান আইটেমের জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবিত সংশোধনের অনেক বড় একটি প্রভাব পড়বে যেহেতু তারা ছোট আকারের এবং একাধিক পরিবারের বাড়ি কিনতে চাওয়া আমাদের নাগরিকদের জন্য আরো

বাঁধা দূর করতে সাহায্য করবে। এটি বাড়ি কিনতে চাওয়া ব্যক্তিদের উপর থেকে আরো একটি আর্থিক চাপ দূর করবে। এটি আমাদেরটির মতো আকারের কমিউনিটির জন্য বড় সাহায্য। গভর্নর আরেকবার দেখাচ্ছেন যে তিনি প্রতিদিন পরিবারের জন্য এবং আমাদের জন্য লড়াই করেন।"

ইস্ট হ্যাম্পটন (East Hampton) টাউনের সুপারভাইজার Kathee Burke-Gonzalez (ক্যাথি বার্ক-গঞ্জালেস) বলেন, "ইস্ট হ্যাম্পটনের আরো সাশ্রয়ী হাউজিং প্রয়োজন যাতে করে যে মানুষেরা আমাদের টাউনকে সচল রাখেন তারা এখানেই বাস করতে পারেন, যাদের মধ্যে শিক্ষক, স্বাস্থ্যসেবা কর্মী, প্রথম প্রতিক্রিয়াকারী, টাউনের কর্মী এবং তরুণ পরিবার আছে। এটিকে একটি অগ্রাধিকার করার জন্য এবং কমিউনিটিগুলিকে নিউ ইয়র্কবাসীর জন্য প্রয়োজনীয় আরো বাসা বানাতে সাহায্য করবে এমন আরো স্পষ্ট, আরো ধারাবাহিক রিভিউ প্রক্রিয়াকে সমর্থন করার জন্য এবং একই সাথে আমাদের পরিবেশ, আমাদের পানি, এবং আমাদের খোলা স্থানকে সুরক্ষা দেওয়ার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি।"

রচেস্টার সিটির মেয়র Malik Evans (মালিক ইভান্স) বলেন, “আমি গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এর প্রস্তাবিত নিয়ন্ত্রক সংস্কারের প্রশংসা করি, যা অপ্রয়োজনীয় অনিয়ম দূর করে আমাদের পরিবেশকে রক্ষা করা অব্যাহত রাখবে। এই সংস্কারগুলি আমাদের বাসিন্দাদের স্বাস্থ্য এবং সুরক্ষার জন্য গুরুত্বপূর্ণ প্রকল্পগুলিতে দ্রুত এগিয়ে যাওয়ার সুযোগ দেবে।"

হোয়াইট প্লেইনস সিটির মেয়র Justin Brasch (জাস্টিন ব্রাশ) বলেছেন, “আমি গভর্নর Hochul (হোকল) এর "লেট দেম বিল্ড এজেন্ডার" মাধ্যমে প্রস্তাবিত SEQRA সংস্কারের প্রশংসা করি। অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলা কমিয়ে এই নীতিগত পরিবর্তনগুলি ব্যবহারিক, সহজবোধ্য এবং ব্যাপকভাবে গ্রহণযোগ্য সমাধান হিসাবে উপস্থাপিত করা, সঠিক ভারসাম্য বজায় রাখে - বিচক্ষণ প্রবৃদ্ধিকে উৎসাহিত করে এবং জোনিং কর্তৃপক্ষ, স্বরাষ্ট্র শাসন এবং পরিবেশগত অখণ্ডতা সংরক্ষণ করে। নিউ ইয়র্ক স্টেটের দ্রুততম বর্ধনশীল সিটি হিসেবে, হোয়াইট প্লেইনসের এমন সরঞ্জামের প্রয়োজন যা আমাদের দ্রুত এবং আরও সাশ্রয়ী মূল্যে নির্মাণ করতে সহায়তা করে এবং এই পরিকল্পনাটি ঠিক সেই কাজটিই করে।"

মাউন্ট ভার্নন সিটির মেয়র Shawyn Patterson-Howard (শওইন প্যাটারসন-হাওয়ার্ড) বলেন, “মাউন্ট ভার্ননে, প্রশাসনিক অব্যবস্থাপনা প্রায়শই আমাদের কমিউনিটির প্রাপ্য অগ্রগতিকে বাধাগ্রস্ত করেছে, যার ফলে বছরের পর বছর বিলম্ব হয়েছে এবং নিরাপদ, প্রয়োজনীয় প্রকল্পগুলিতে লক্ষাধিক ডলার খরচ হয়েছে। আমি গভর্নর Hochul (হোকল) এর 'লেট দেম বিল্ড' এজেন্ডাকে সম্পূর্ণ সমর্থন করি কারণ এটি স্থানীয় নেতাদের দ্রুত ফলাফল প্রদানের ক্ষমতা দেয়। পরিবেশের ওপর নেতিবাচক প্রভাব না ফেলেও প্রকল্পগুলির জন্য SEQRA আধুনিকীকরণের মাধ্যমে, আমরা আমাদের পরিবারের জন্য প্রয়োজনীয় সাশ্রয়ী মূল্যের বাসা এবং আধুনিক আবাসনের পথ পরিষ্কার করছি এবং সেইসাথে আমাদের পরিবেশের অবিচল রক্ষক রয়েছি।”

কিংস্টন সিটির মেয়র Steve Noble (স্টিভ নোবেল) বলেন, “স্থানীয় সরকারগুলি আমাদের কমিউনিটির প্রয়োজনীয় আবাসন এবং অবকাঠামো প্রকল্পগুলিতে এগিয়ে যেতে চায়, তবে

প্রক্রিয়াটি ধীর এবং অপ্রত্যাশিত হতে পারে। গভর্নর Hochul (হোকল) এর "লেট দেম বিল্ড" প্রস্তাবটি পরিবেশগত সুরক্ষা সংরক্ষণের সময়সীমাকে সহজতর করে একটি চিন্তাশীল পদ্ধতি গ্রহণ করে। এই পরিবর্তনগুলি কিংস্টনের মতো সিটিগুলিকে আরও নিশ্চয়তা প্রদান করবে, খরচ নিয়ন্ত্রণে সহায়তা করবে এবং আমাদের বাসিন্দাদের জন্য আরও কার্যকরভাবে পরিকল্পনা করার এবং নির্মাণের সুযোগ দেবে।"

মিডলটাউন সিটির মেয়র Joe DeStefano (জো ডিস্টেফানো) বলেন, "মিডলটাউনে, আমরা প্রকল্পগুলিকে পরিকল্পনা থেকে বাস্তবে রূপান্তরিত করার উপর মনোনিবেশ করছি, তা সে আবাসন, অবকাঠামো, অথবা আমাদের শহরতলির এবং পারিপার্শ্বিক এলাকায় পুনর্বিনিয়োগ হোক না কেন। যখন পর্যালোচনাগুলি খুব বেশি সময় নেয় বা স্পষ্ট সময়সীমার অভাব থাকে, তখন এটি অগ্রগতি ধীর করে দিতে পারে এবং খরচ বাড়িয়ে দিতে পারে। গভর্নর Hochul (হোকল) এর "লেট দেম বিল্ড" এজেন্ডা শক্তিশালী পরিবেশগত সুরক্ষা বজায় রেখে অনুমানযোগ্যতা এবং দক্ষতার উপর জোর দেয়। এই পদ্ধতি আমাদের মতো স্থানীয় সরকারগুলিকে দায়িত্বশীলভাবে এগিয়ে যাওয়ার এবং বাসিন্দাদের জন্য ফলাফল প্রদানের ক্ষমতা প্রদান করে।"

বাফেলো সিটির মেয়র Sean Ryan (শন রায়ান) বলেন, "যত দিন যাচ্ছে, বাফেলোর আবাসনের আরও বেশি প্রয়োজনীয়তা এবং আমাদের গুরুত্বপূর্ণ অবকাঠামোর আধুনিকীকরণের প্রয়োজনীয়তা তাত স্পষ্ট হয়ে উঠছে। গভর্নর Hochul (হোকল) এর 'লেট দেম বিল্ড' এজেন্ডা সরকারকে আমাদের কমিউনিটিগুলির চাহিদার গতির সাথে তাল মিলিয়ে কাজ করতে সহায়তা করে। এর ফলে ব্যয় বৃদ্ধিকারী এবং মানুষ ইতিমধ্যেই যে প্রকল্পগুলিকে সমর্থন করে সেগুলিকে বিলম্বিত করা, অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলা বন্ধ হবে — সেইসাথে নিউ ইয়র্কবাসীরা যে পরিবেশগত সুরক্ষাগুলি আশা করে তা সংরক্ষণ করবে। এই সংস্কারগুলি বাফেলোর মতো আপস্টেট সিটিগুলিকে সাশ্রয়ী মূল্যের আবাসন, বিশুদ্ধ পানির অবকাঠামো এবং বছরের পর বছর ধরে এড়ানো সম্ভব এমন বিলম্ব ছাড়াই আমাদের আশেপাশের এলাকায় সরাসরি বিনিয়োগে সহায়তা করবে।"

পোর্ট চেস্টার ভিলেজের মেয়র Luis Marino (লুইস মারিনো) বলেন, "পোর্ট চেস্টারের মতো পৌরসভাগুলি নতুন আবাসন নির্মাণ, স্থানীয় অবকাঠামোর উন্নতি এবং আরও দক্ষ করে তোলার কাজ এগিয়ে নিয়ে যাচ্ছে এবং আমাদের বাসিন্দা এবং আঞ্চলিক অর্থনীতির উপর নির্ভরশীল কোনও প্রকল্পের ভৌত নির্মাণ বা খনন পর্ব আনুষ্ঠানিকভাবে শুরু করার সময় শহরতলির পুনরুজ্জীবন প্রকল্পগুলির নেতৃত্ব দিচ্ছে। গত বেশ কয়েক বছর ধরে, আমরা জলাশয়ে রূপান্তরমূলক বিনিয়োগ, মূল নর্দমা এবং সড়কপথের উন্নয়ন, The LOOP! (দ্য লুপ) এর মতো পথচারী-কেন্দ্রিক উদ্যোগগুলিকে সমর্থন করেছি, সবুজায়ন করেছি এবং সহস্রাধিক নতুন আবাসন কেন্দ্র পরিকল্পনা অনুমোদন করেছি—এই সবকিছুই করতে হয়েছে জটিল এবং প্রায়শই দীর্ঘ পরিবেশগত পর্যালোচনার সময়সীমা পরিক্রমণ করে। গভর্নর Hochul (হোকল) এর প্রস্তাবিত SEQRA প্রক্রিয়ার সুচিন্তিত আধুনিকীকরণ, সমন্বয় উন্নত করার সাথে সাথে পরিবেশগত সুরক্ষার সংরক্ষণকে আরো শক্তিশালী করতে পারবে, অপ্রয়োজনীয় বিলম্ব হ্রাস করতে পারবে এবং দায়িত্বশীলভাবে নির্মাণের জন্য প্রস্তুত কমিউনিটির জন্য আরও বেশি অনুমানযোগ্যতা প্রদান করতে পারবে। এই সংস্কারগুলি পোর্ট চেস্টারের মতো পৌরসভাগুলিকে আবাসন এবং মিশ্র-ব্যবহারের প্রকল্পগুলির পরবর্তী পর্যায়ে আরও দক্ষতার সাথে এগিয়ে যেতে,

প্রকল্পের খরচ নিয়ন্ত্রণ করতে এবং দীর্ঘমেয়াদী অর্থনৈতিক প্রবৃদ্ধিকে সমর্থনকারী প্রাণবন্ত, দীর্ঘস্থায়ী শহরতলিকে শক্তিশালী করে তোলা এবং তার সম্প্রসারণ অব্যাহত রাখতে সহায়তা করবে।"

ম্যানহাটন বরো প্রেসিডেন্ট Brad Hoylman-Sigal (ব্র্যাড হোয়েলম্যান-সিগাল) বলেন, "ম্যানহাটনের বাসিন্দারা আবাসন সংকট এবং ক্রমবর্ধমান ব্যয়ের সম্মুখীন হচ্ছেন, যার জন্য সাহসী পদক্ষেপের প্রয়োজন, অন্তহীন প্রক্রিয়া নয় — এমন এক মুহূর্তে যখন ম্যানহাটনের গড় ভাড়া প্রতি মাসে প্রায় 5,000 ডলার পৌঁছে যাচ্ছে, যা কর্মজীবী পরিবার এবং দুর্বল সম্প্রদায়কে বিপদের দ্বারপ্রান্তে ঠেলে দিচ্ছে। গভর্নর Hochul (হোকল) এর "লেট দেম বিল্ড" এজেন্ডা স্বীকার করে যে যখন সরকার পুরনো আমলাতন্ত্রের মধ্যে আটকে যায়, তখন কর্মজীবী পরিবার এবং দুর্বল সম্প্রদায়গুলিকেই এর মূল্য দিতে হয়। এই সংস্কারগুলি আমাদের পরিবেশ ও জনস্বাস্থ্য রক্ষা অব্যাহত রাখার পাশাপাশি আরও সাশ্রয়ী মূল্যের আবাসন, শিশু পরিচর্যা কেন্দ্র, বিশুদ্ধ পানির অবকাঠামো এবং জলবায়ু-কেন্দ্রীক প্রকল্পগুলি দ্রুত এবং আরও ন্যায্যভাবে সম্পন্ন করতে সহায়তা করবে। নীতিগত পরিবর্তনগুলি ব্যবহারিক, সহজবোধ্য এবং ব্যাপকভাবে গ্রহণযোগ্য সমাধান হিসাবে উপস্থাপিত করার জন্য, আবাসন-বান্ধব এবং ভাড়াটে, কমিউনিটিগুলিকে শক্তিশালী করে এবং নিউ ইয়র্ককে আরও ন্যায্য এবং দীর্ঘস্থায়ী ভবিষ্যতের দিকে নিয়ে যাওয়ার জন্য, পরিবার এবং ভবিষ্যতের নিউ ইয়র্কবাসীদের অগ্রাধিকার দিয়ে জলবায়ু-বান্ধব দৃষ্টিভঙ্গি এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমি গভর্নর Hochul (হোকল) কে ধন্যবাদ জানাই।"

কুইন্স বরোর প্রেসিডেন্ট Donovan Richards Jr. (ডোনোভান রিচার্ডস জুনিয়র) বলেন, "আমাদের সিটি ও স্টেট প্রজন্মের পর প্রজন্ম ধরে চলা আবাসন সংকটের সম্মুখীন হচ্ছে যা গৃহহীনতার অন্তিম প্রান্তে বসবাসকারী অসংখ্য পরিবারকে বিপন্ন করে তুলছে এবং সাশ্রয়ী মূল্যের আবাসন সুরক্ষা, সংরক্ষণ এবং দ্রুত নির্মাণের জন্য আমাদের অবশ্যই সম্ভাব্য সকল পদক্ষেপ গ্রহণের চেষ্টা করতে হবে। গভর্নর Hochul (হোকল) এর এই সংস্কারগুলি ঠিক এটাই করবে, যা অপ্রয়োজনীয়ভাবে নির্মাণকাজ বিলম্বিত এবং বাধাগ্রস্ত করে এই সংকটে অবদান রাখা অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলার বাধা দূর করবে। "লেট দেম বিল্ড" উদ্যোগটি এগিয়ে নেওয়ার জন্য আমি গভর্নরের প্রশংসা করি এবং এই প্রচেষ্টায় তার সাথে অংশীদার হতে পেরে আমি গর্বিত।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সংখ্যাগরিষ্ঠ নেতা Shaun Abreu (শন আব্রেউ) বলেন, "বর্তমান আবাসন সংকটের মুখে, আমাদের সিটির আবাসনের যোগান বৃদ্ধির জন্য এবং কর্মজীবী পরিবারের জন্য নিউ ইয়র্ককে সাশ্রয়ী মূল্যের করে তোলার জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করতে হবে। "লেট দেম বিল্ড" একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ যা অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলা দূর করবে এবং আমাদের সবচেয়ে জরুরি চাহিদাগুলিকে অগ্রাধিকার দেবে। এটি আবাসন নির্মাণ এবং নগর উন্নয়নের ক্ষেত্রে বাধা দূর করার জন্য পরিকল্পিত একটি আধুনিক, প্রযুক্তিগতভাবে সক্ষম এবং দক্ষ প্রশাসনিক প্রয়াস এবং এই প্রচেষ্টার নেতৃত্ব দেওয়ার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এর প্রশংসা করি যা আরও সাশ্রয়ী মূল্যের এবং দীর্ঘস্থায়ী ভবিষ্যত তৈরিতে সহায়তা করবে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য Yusef Salaam (ইউসেফ সালাম) বলেন, “নিউ ইয়র্কের আবাসন ও অবকাঠামোগত সংকটের কারণ ধারণার অভাব নয়, বরং এমন প্রক্রিয়াগুলির কারণে যা বর্তমান গতিশীলতার তুলনায় অত্যন্ত ধীর, অত্যন্ত বিভক্ত এবং অত্যন্ত ব্যয়বহুল হয়ে উঠেছে। গভর্নর Hochul (হোকল) এর "লেট দেম বিল্ড" এজেন্ডা পরিবেশগত সুরক্ষা বজায় রেখে এবং স্থানীয় জোনিং সিদ্ধান্তগুলিকে মান্যতা দিয়ে, অপ্রয়োজনীয় বিলম্ব কমিয়ে সঠিক ভারসাম্য রক্ষা করে। এই সংস্কারগুলি নিউ ইয়র্কবাসীদের প্রয়োজনীয় আবাসন, বিশুদ্ধ পানি, পার্ক এবং কমিউনিটির অবকাঠামো সরবরাহ করতে সহায়তা করবে — আরো দ্রুত, আরো সাশ্রয়ী মূল্যে এবং দায়বদ্ধতার সাথে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য Selvena N. Brooks-Powers (সেলভেনা এন. ব্রুকস-পাওয়ার্স) বলেন, “নিউ ইয়র্ক আবাসন সংকটের মধ্যে রয়েছে এবং কর্মরত নিউ ইয়র্কবাসীদের আবাসনের চাহিদা পূরণের উপায় আমাদের খুঁজে বের করতে হবে। পুরনো প্রক্রিয়াগুলিকে সহজতর করার জন্য গভর্নর Hochul (হোকল) এর প্রস্তাব অপ্রয়োজনীয় বিলম্ব এবং খরচ কমানোর দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই সংস্কারগুলি এগিয়ে নিয়ে যাওয়ার পাশাপাশি, আমাদের পরিবেশ রক্ষা করা অব্যাহত রাখা, কমিউনিটির মতামতকে মান্যতা দেওয়া এবং নতুন উন্নয়ন যাতে কর্মজীবী পরিবারগুলির জন্য ফলপ্রসূ ক্রয়ক্ষমতা এবং সম্পদ-গঠনের সুযোগ তৈরি করে তা নিশ্চিত করা অপরিহার্য।"

রামাপো টাউন সুপারভাইজার Michael Specht (মাইকেল স্পেচট) বলেন, “আমাদের অঞ্চলের জরুরিভাবে প্রয়োজনীয় আবাসন নির্মাণে দীর্ঘ সময় ধরে বাধা এবং বিলম্ব দূরকারী, SEQRA-এর এই অত্যন্ত প্রয়োজনীয় সংস্কারের জন্য আমি গভর্নর Hochul (হোকল) এর প্রশংসা করি। পুরনো নিয়মকানুনগুলিকে ব্যবহারিক, সহজবোধ্য এবং ব্যাপকভাবে গ্রহণযোগ্য সমাধান হিসাবে উপস্থাপিত করার মাধ্যমে আমরা সাশ্রয়ী মূল্যের আবাসনের ঘাটতি মোকাবেলা করতে এবং গুরুত্বপূর্ণ অবকাঠামোগত উন্নয়ন করতে সক্ষম হব। একটি প্রো-হাউজিং কমিউনিটি হিসেবে, আমরা আমাদের বাসিন্দাদের জন্য বিচক্ষণ, দীর্ঘস্থায়ী উন্নয়নের প্রত্যাশায় রয়েছি।"

আমহার্স্ট টাউনের সুপারভাইজার Shawn Lavin (শন ল্যাভিন) বলেন, “এই সংস্কারটি অনেক আগেই প্রয়োজন ছিল। 1976 সাল থেকে SEQR একটি গুরুত্বপূর্ণ পরিবেশগত সুরক্ষা ব্যবস্থা হিসেবে কাজ করে আসছে, কিন্তু অনেক ক্ষেত্রেই প্রক্রিয়াটি অত্যধিক জটিল হয়ে উঠেছে, যার ফলে বিলম্ব এবং ব্যয় বৃদ্ধি পাচ্ছে যা প্রয়োজনীয় আবাসন এবং পুনর্নির্মাণ কাজ সম্পন্ন করা কঠিন করে তুলছে। গভর্নরের প্রস্তাবটি সঠিক ভারসাম্য রক্ষা করে, এটি গুরুত্বপূর্ণ বিষয়গুলিকে রক্ষা করে এবং সেই সাথে মূল উদ্দেশ্য পূরণ না করা বাধাগুলি দূর করে। আমহার্স্টের জন্য, ইতিমধ্যেই অবকাঠামোগত জমিতে প্রকল্পগুলি এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষমতা অত্যন্ত উপকারী হবে এবং আমরা এই সংস্কারের জন্য গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্বের প্রশংসা করি।"

SEIU 32BJ-এর প্রেসিডেন্ট Manny Pastreich (ম্যানি প্যাস্ট্রেইক) বলেন, "আমাদের একটি হাউজিং সঙ্কট আছে। আমরা কীভাবে এই সংকট মোকাবেলা করব, তা নতুন ভবনগুলির পরিবেশগত প্রভাবের সাথে অবশ্যই সামঞ্জস্যপূর্ণ হতে হবে। পলিসির প্রস্তাবনাটি পরিবেশের

সুরক্ষাকে বহাল রাখবে, এবং একই সাথে হাউজিং বানানোর ঝামেলা কম করবে। গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এখানে সঠিক ভারসাম্য বজায় রাখতে যাচ্ছেন।"

হোটেল অ্যান্ড গেমিং ট্রেডস কাউন্সিল (Hotel and Gaming Trades Council) এর প্রেসিডেন্ট Rich Maroko (রিচ মারোকো) বলেন, "নিউ ইয়র্কের আবাসন সংকট আমাদের স্টেট জুড়ে পরিশ্রমী পরিবারের জীবিকাকে হুমকির মুখে ফেলেছে। আরেকবার গভর্নর Hochul-এর (হোকল) সাহসী কৌশল নিউ ইয়র্ককে এখানে বাস করা এবং কাজ করা মানুষের জন্য আরো সাশ্রয়ী করতে সত্যিকারের নেতৃত্ব এবং স্পষ্ট প্রতিশ্রুতি দেখাচ্ছে।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন ফর অ্যাফোর্ডেবল হাউজিং (Association for Affordable Housing) এর প্রেসিডেন্ট এবং নির্বাহী কর্মকর্তা Carlina Rivera (কার্লিনা রিভেরা) বলেন, "নিউ ইয়র্কের সাশ্রয়ী মূল্যের আবাসন সংকট মোকাবেলার জন্য সময় ফুরিয়ে আসছে এবং SEQRA প্রক্রিয়ায় অপ্রয়োজনীয় বিলম্ব নিউ ইয়র্কবাসীদের প্রয়োজনীয় বাড়ি তৈরি করা কঠিন এবং ব্যয়বহুল করে তুলছে। গভর্নর Hochul (হোকল) এর প্রস্তাবিত SEQRA সংস্কারগুলি উপযুক্ত সাশ্রয়ী মূল্যের আবাসন প্রকল্পগুলির পর্যালোচনাকে সহজতর করে এবং গুরুত্বপূর্ণ পরিবেশগত সুরক্ষা সংরক্ষণ করে সঠিক ভারসাম্য বজায় রাখে। এই পরিবর্তনগুলি খরচ কমাবে, অনুমানযোগ্যতা তৈরি করবে এবং আরও দ্রুত বাড়ির যোগান দিতে সহায়তা করবে। আমরা আইনসভাকে গভর্নরের সাথে কাজ করার জন্য অনুরোধ করছি যাতে এই গুরুত্বপূর্ণ সংস্কারগুলি চূড়ান্ত বাজেটে থাকে।"

নিউ ইয়র্ক হাউজিং কনফারেন্স (New York Housing Conference) এর নির্বাহী পরিচালক Rachel Free (রাচেল ফ্রি) বলেন, "নিউ ইয়র্কে আবাসন তৈরি চালু করার জন্য SEQRA সংস্কার অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমান প্রক্রিয়া প্রায়শই বছরের পর বছর বিলম্বের সৃষ্টি করে, খরচ বাড়ায় এবং উন্নত পরিবেশগত ফলাফল প্রদান না করেই আবাসন ও অবকাঠামো প্রকল্পগুলিকে বাধাগ্রস্ত করে। গভর্নরের প্রস্তাবিত আধুনিকীকরণ যথাযথভাবে উল্লেখযোগ্য প্রভাব সম্পন্ন প্রকল্পগুলির উপর দৃষ্টি নিবদ্ধ করবে, একই সাথে গুরুত্বপূর্ণ আবাসন প্রকল্পগুলিতে বিলম্ব হ্রাস করবে। সাশ্রয়ী মূল্যের আবাসন এবং নিউ ইয়র্কের জরুরিভাবে প্রয়োজন এমন অর্থনৈতিক প্রাণশক্তির অগ্রগতির জন্য SEQRA সংস্কার অপরিহার্য, একই সাথে শক্তিশালী পরিবেশগত সুরক্ষা বজায় রাখা।"

ন্যাশনাল ফেডারেশন অফ ইন্ডিপেন্ডেন্ট বিজনেস (National Federation of Independent Business) নিউ ইয়র্ক স্টেটের ডিরেক্টর Ashley Ranslow (অ্যাশলে রানস্লো) বলেন, "SEQRA সংস্কারের জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এর প্রস্তাবটি উন্নয়ন ও নির্মাণ প্রক্রিয়াকে সুশৃঙ্খল ও ত্বরান্বিত করার জন্য একটি বাস্তব এবং প্রয়োজনীয় পদক্ষেপ। নিউ ইয়র্কে, একটি প্রকল্প শুরু করতে অনেক বেশি সময় এবং সম্পদের প্রয়োজন হয় — যা অনিবার্যভাবে নির্মাণ খরচ বাড়িয়ে দেয়। SEQRA সংস্কারের ফলে অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলা দূরীভূত হবে, নির্মাণ প্রকল্পগুলিকে ত্বরান্বিত করা হবে এবং সেগুলিকে আরও সাশ্রয়ী করে তোলা হবে, যা শেষ পর্যন্ত স্টেটের অর্থনীতি, ছোট ব্যবসা এবং স্টেট জুড়ে কমিউনিটিগুলিকে সহায়তা করবে।"

পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটি (Partnership for New York City) এর প্রেসিডেন্ট এবং নির্বাহী কর্মকর্তা Steven Fulop (স্টিভেন ফুলপ) বলেন, "পার্টনারশিপের বোর্ড সদস্যদের কাছ থেকে আমি প্রায়ই শুনি যে অনেকদিন আগেই SEQRA-এর সংস্কারের প্রয়োজন ছিল। এটি অপ্রয়োজনীয়ভাবে আমলাতান্ত্রিক এবং এটি প্রকল্পগুলিকে অপ্রয়োজনীয়ভাবে দীর্ঘায়িত করে। আমি আনন্দিত যে গভর্নর Hochul (হোকল) এটি স্বীকার করছেন, কারণ এটি সিটিতে আবাসন গড়ে তোলার খরচ বৃদ্ধির একটি অপ্রয়োজনীয় কারণ।"

ওপেন নিউ ইয়র্কের নির্বাহী পরিচালক Annemarie Gray (অ্যানেমারি গ্রে) বলেন, "SEQRA-কে আধুনিকীকরণ করা হলো এই বিশ্বাস পুনরুদ্ধার করা যে আমাদের সরকার নিউ ইয়র্কবাসীদের প্রয়োজনীয় জিনিসগুলি সরবরাহ করতে পারে। যখন অতি গুরুত্বপূর্ণ প্রজেক্ট পেপারওয়ার্কের কারণে পাঁচ বছর দেরি হয়ে যায়, তখন মানুষ সরকারের প্রতি আস্থা হারিয়ে ফেলে। এই মুহূর্তে, আমরা ক্রয়ক্ষমতার সংকট এবং জলবায়ু সংকট উভয়ের সম্মুখীন — এই সংকটগুলির জন্য অবিলম্বে পদক্ষেপ নিতে হবে এবং তুচ্ছ মামলার কারণে বিলম্বের জন্য নিউ ইয়র্কের পরিবারগুলির বছরের পর বছর অপেক্ষা করার সময় নেই। এই ব্যাপারে কাজ করার জন্য আমরা গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) প্রশংসা করছি এবং স্টেটের আইনসভাকে (Legislature) এই বছরের স্টেট বাজেটে SEQRA সংশোধন পাশ করানোর জন্য তাগিদ দিচ্ছি।"

Citizens Budget Commission-এর প্রেসিডেন্ট Andrew Rein (অ্যান্ড্রু রেইন) বলেন, "অতি প্রয়োজনীয় হাউজিং উৎপাদন বাড়াতে এই সাহসী পদক্ষেপ নেওয়ার জন্য আমরা গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি। কষ্টকর এনভায়রনমেন্টাল রিভিউয়ের প্রক্রিয়া সংশোধন করা হলে তা হাউজিং বানানোকে আরো সস্তা এবং দ্রুত করবে, এবং স্টেটের বাড়তি কোনো খরচ হবে না। এই ধরণের স্মার্ট সিদ্ধান্তই আমাদের স্টেটকে আরো সাশ্রয়ী এবং আরো প্রতিযোগিতামূলকক করবে।"

গ্রেটার রোচেস্টারের চেম্বার অফ কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট এবং CEO, এবং সাবেক লেফটেন্যান্ট গভর্নর Robert Duffy (রবার্ট ডাফি) বলেন, "SEQR প্রক্রিয়া সংশোধন ও আধুনিক করতে গভর্নর Hochul-এর (হোকল) পরিকল্পনার আমি প্রশংসা করছি। বর্তমান প্রক্রিয়া এবং অনেক লম্বা টাইমলাইন NYS-কে নির্মাণ ও বিকাশের জন্য অনেক কম আকর্ষণীয় ও প্রতিযোগিতামূলক করেছে। বর্তমান SEQR প্রক্রিয়া এবং অন্যান্য রেগুলেটরি বাঁধা এমন একটি সময় বাড়ির নির্মাণকে ব্যাপকভাবে ধীর করে দিয়েছে যখন NYS-এ হাউজিং আগের যেকোনো সময়ের থেকে বেশি দরকার। গভর্নর তার প্রস্তাবনার ক্ষেত্রে একদম ঠিক আছেন, এটি আবাসন, নির্মাণ, এবং আমাদের অর্থনীতিতে ব্যাপক প্রভাব ফেলবে।"

রিজিওনাল প্ল্যান অ্যাসোসিয়েশন (Regional Plan Association) এর প্রেসিডেন্ট এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা Tom Wright (টম রাইট) বলেন, "স্টেটের এনভায়রনমেন্টাল কোয়ালিটি রিভিউ অ্যাক্ট এর সংশোধন আমাদের অঞ্চলের প্রয়োজনীয় বিচক্ষণ, দীর্ঘস্থায়ী অবকাঠামোর গতি দ্রুত করতে সহায়তা করবে এবং এই কাজটি, যা অনেক দিন আগেই হওয়া উচিত ছিল, সেটির ব্যাপারে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এর সাহসী নেতৃত্বের আমরা প্রশংসা করছি। একশত বছরের বেশি সময় ধরে RPA একটি কেন্দ্রীয় মিশনে মনোযোগ দিয়েছে,

যা হলো অর্থনৈতিক প্রাণশক্তি, পরিবেশের স্থিতিশীলতা, এবং স্বাস্থ্যকর, সমৃদ্ধ কমিউনিটি তৈরি করে এমন সমাধান অগ্রসর করার মাধ্যমে ট্রাই-স্টেট অঞ্চলে জীবনযাপনের মাণ উন্নত করা। SEQR-এর আধুনিকায়ন এমন হাউজিং, এনার্জি, এবং ট্রানজিট বিনিয়োগকে গ্রীনলাইট করবে যেগুলিকে নিউ ইয়র্কবাসীরা সমর্থন করেন, এবং যা প্রতিযোগিতায় টিকে থাকতে, সমতা, এবং স্থিতিশীলতার জন্য আমাদের অঞ্চলের প্রয়োজন।"

অ্যাসোসিয়েশন ফর এ বেটার লং আইল্যান্ড (Association for a Better Long Island)-এর নির্বাহী পরিচালক Kyle Strober (কাইল স্ট্রবার) বলেন, "এটি নিউ ইয়র্কের অর্থনৈতিক উন্নয়ন কমিউনিটি (New York economic development community) এর জন্য একটি উল্লেখযোগ্য আপডেট। অর্থনৈতিক বিকাশ প্রজেক্টগুলি সবথেকে বড় যে সমস্যাগুলির মুখোমুখি হয় তার একটি হলো অনিশ্চিত টাইমলাইন এবং ছোট থেকে মাঝারি আকারের প্রজেক্ট আটকে দেওয়ার মতো অপ্রয়োজনীয় খরচ। গভর্নর Hochul (হোকল) এর প্রস্তাবিত এই সংশোধনগুলি অর্থনৈতিক উন্নয়ন উদ্দীপিত করতে সহায়তা করবে, আবাসন তৈরি করবে এবং নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী হয়ে উঠতে সহায়তা করবে।"

লং আইল্যান্ড কন্ট্রাক্টরস' অ্যাসোসিয়েশন (Long Island Contractors' Association)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Marc Herbst (মার্ক হার্বস্ট) বলেন, "পুরো লং আইল্যান্ডের কন্ট্রাক্টাররা SEQRA আধুনিকীকরণের প্রচেষ্টাকে স্বাগত জানাচ্ছে যাতে অতি প্রয়োজনীয় অবকাঠামো প্রকল্পগুলি সময়মতো এবং অনুমানযোগ্য উপায়ে এগিয়ে নিয়ে যাওয়া যায়। কম পরিবেশের প্রভাবসহ প্রজেক্টের রিভিউ সরল করা হলে তা কমিউনিটিগুলিকে রাস্তা, পানি, এনার্জি, এবং পাবলিক ফ্যাসিলিটির অতি গুরুত্বপূর্ণ উন্নয়ন করতে সাহায্য করবে, ভালো বেতনের স্থানীয় চাকরিকে সমর্থন করবে এবং একই সাথে পরিবেশের দৃঢ় স্ট্যান্ডার্ড বজায় রাখবে।"

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) পার্মানেন্ট সিটিজেন্স অ্যাডভাইজরি কমিটির (Permanent Citizens Advisory Committee) নির্বাহী পরিচালক Lisa Daglian (লিসা ড্যাগলিয়ান) বলেন, "SEQR সংশোধন হলো MTA অঞ্চলের আশেপাশে ট্রানজিট কেন্দ্রিক উন্নয়ন প্রকল্পের অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ, যা একই সাথে আবাসনের ক্রয়ক্ষমতা এবং জলবায়ু পরিবর্তন সংকটের মোকাবেলা করে। এই নীতিগত পরিবর্তনগুলি ব্যবহারিক, সহজবোধ্য এবং ব্যাপকভাবে গ্রহণযোগ্য সমাধান হিসাবে উপস্থাপিত করার আইনটির জন্য আমরা গভর্নর Hochul (হোকল) এর প্রশংসা করছি যা অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলা দূর করবে এবং অঞ্চলে আরো পরিবহন আরোহিকে উৎসাহিত করবে।"

নিউ ইয়র্ক স্টেট অর্থনৈতিক উন্নয়ন পরিষদ (New York State Economic Development Council) এর নির্বাহী পরিচালক Ryan M. Silva (রায়ান এম সিলভা) বলেন, "অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলা দূর করা এবং প্রকল্প অনুমোদনের সময়সীমা কম করা হলো আমাদের আবাসন, অর্থনৈতিক উন্নয়ন এবং নবায়নযোগ্য এনার্জি লক্ষ্য পূরণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। হাউজিং প্রজেক্টকে SEQRA থেকে ছাড় দিতে এবং রিভিউয়ের জন্য দুই বছরের সীমা বসাতে গভর্নরের প্রস্তাবনা নিউ ইয়র্কের ব্যবসার জলবায়ুকে সমর্থন করতে সাহায্য করার জন্য একটি গুরুত্বপূর্ণ এবং প্রয়োজনীয় প্রথম ধাপ। এই

উদ্যোগগুলি প্রজেক্টের খরচ কমাতে, পারমিট পাওয়ার প্রক্রিয়ায় নিশ্চয়তা আনতে, এবং পুরো স্টেটে অর্থনৈতিক সুযোগ তৈরি করতে সাহায্য করবে।"

ওয়েস্টচেস্টার কাউন্টি অ্যাসোসিয়েশনের (Westchester County Association) প্রেসিডেন্ট এবং CEO Michael N. Romita (মাইল এন রোমিটা) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) SEQRA সংশোধন স্টেটের অতি গুরুত্বপূর্ণ হাউজিং ঘাটতির সমাধানের দিকে একটি গুরুত্বপূর্ণ ধাপ। যদিও এর উদ্দেশ্য মহান ছিলো, কিন্তু গত অর্ধেক শতাব্দী ধরে সময়ের সাথে SEQRA-এর আরো বেশি অপব্যবহার এবং বেশি ব্যবহার হচ্ছে এবং আধুনিকায়ন অনেক আগেই হওয়া উচিত ছিলো। এই সংশোধনগুলি স্থানীয় নিয়ন্ত্রণকে ওভার রাইড করে না, এবং এগুলির জন্য কমিউনিটিকে তাদের জোনিং বদলাতেও হয় না। বরং, এগুলি স্থানীয় অফিসিয়ালদেরকে আজকের চাহিদা পূরণ করার ক্ষমতা দেয়।"

Long Island Association (LIA)-এর প্রেসিডেন্ট এবং CEO Matt Cohen (ম্যাট কোহেন) বলেন, "রেড টেপ এবং অতিরিক্ত নিয়ন্ত্রণ নতুন আবিষ্কারকে আটকে দেয় এবং অর্থনৈতিক বিকাশের জন্য অনেক বেশি প্রয়োজনীয় প্রজেক্টকে বাঁধা দেয়। LIA নতুন হাউজিংয়ের জন্য এনভায়রনমেন্টাল রিভিউকে সরল করতে গভর্নরের প্রস্তাবনার প্রশংসা করছে, লং আইল্যান্ডে আমাদের টিকে থাকার, জীবনযাপনের খরচের সঙ্কট সমাধানে এটি অনেক সাহায্য করবে।"

অ্যাডিরনড্যাক অ্যাসোসিয়েশন অফ টাউনস অ্যান্ড ভিলেজেস (Adirondack Association of Towns and Villages) এর প্রেসিডেন্ট, এসেক্স কাউন্টি বোর্ড অফ লেজিসলেটরস (Essex County Chair of Board of Legislators) এর সভাপতি এবং মিনার্ভা টাউন সুপারভাইজার (Minerva Town Supervisor) সুপারভাইজার Steve McNally (স্টিভ ম্যাকন্যালি) বলেন, "যদিও এটি আবাসন সংকটের জন্য একটি সহজ এবং আপাতদৃষ্টিতে যাদুকরী সমাধান হবে না, কিন্তু এটি নিঃসন্দেহে কিছুটা সমাধান করবে। গভর্নর সত্যিই কথা শুনছেন এবং তিনি আমাদেরকে যে সাহায্য করছেন তার জন্য আমরা কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেট বিজনেস কাউন্সিলের (New York State Business Council) প্রেসিডেন্ট এবং নির্বাহী কর্মকর্তা Heather Mulligan (হিদার মালিগ্যান) বলেন, "নিউ ইয়র্কের আবাসনের ঘাটতি নিউ ইয়র্ক স্টেটের সকল অঞ্চলের জন্য একটি চলমান অর্থনৈতিক দুশ্চিন্তা। সুরক্ষাকে ক্ষতিগ্রস্ত না করে এনভায়রনমেন্টাল রিভিউয়ের নিয়ম আধুনিক করা হলে তা অনেক বছরের রেড টেপ দূর করে, নির্মাণের খরচ কম করে, এবং পরিবার ও কর্মীদের সামর্থ্যের মধ্যে হাউজিং দেওয়ার গতি দ্রুত করে। অতি প্রয়োজনীয় বিনিয়োগের প্রজেক্টের গতি বাড়ানো হলে তা চাকরি তৈরি, কমিউনিটির বিকাশকে সমর্থন করবে এবং নিউ ইয়র্ককে আরো প্রতিযোগিতামূলকক করবে।"

Rockland Business Association-এর CEO Jeffrey Greenberg (জেফ্রি গ্রিনবার্গ) বলেন, "রেড টেপ দূর করতে এবং পারমিট পাওয়ার প্রক্রিয়াকে আধুনিক করতে গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবনা হলো নিউ ইয়র্কের জন্য একটি কমনসেন্সের পদক্ষেপ। সেকেলে প্রক্রিয়াকে সরল করা এবং একই সাথে পরিবেশের সুরক্ষা এবং জনগণের মতামত সংরক্ষিত রাখার মাধ্যমে এই সংশোধনগুলি রকল্যান্ডকে (Rockland) অতি গুরুত্বপূর্ণ প্রজেক্ট আরো দ্রুত

এবং অপেক্ষাকৃত কম খরচে অগ্রসর করতে দিবে এবং একই সাথে পুরো নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক বিকাশকে সমর্থন করবে।"

ওয়েস্টচেস্টার বিজনেস কাউন্সিলের (Westchester Business Council, BCW)-এর ভাইস প্রেসিডেন্ট John Ravits (জন রেভিটস) বলেন, "BCW সবসময় SEQR সংস্কারের পক্ষে ছিল। নিউ ইয়র্কের পারমিট পাওয়ার এবং এনভায়রনমেন্টাল রিভিউয়ের প্রক্রিয়াকে সরল করতে গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবনাটি কমিউনিটিগুলিকে আরো কার্যকরভাবে প্রজেক্ট বানানোর ক্ষেত্রে একটি প্র্যাকটিক্যাল অগ্রগামী ধাপ। অপ্রয়োজনীয় দেরি কম করে এবং একই সাথে দৃঢ় পরিবেশের সুরক্ষা এবং জনগণকে জড়িত করা বজায় রেখে এই সংশোধনগুলি খরচ কমাবে, টাইমলাইন উন্নত করবে, এবং আমাদের অঞ্চলের জন্য প্রয়োজনীয় হাউজিং, ইনফ্রাস্ট্রাকচার, এবং অর্থনৈতিক বিকাশ প্রজেক্টকে সমর্থন করবে।"

নিউ ইয়র্ক স্টেট বিল্ডার্স অ্যাসোসিয়েশ (Builders Association)-এর প্রেসিডেন্ট Peter Florey (পিটার ফ্লোরি) বলেন, "SEQR প্রক্রিয়ার মূল উদ্দেশ্যে, আমাদের পরিবেশকে রক্ষা করা, সেটিতে ফিরে যাওয়া গুরুত্বপূর্ণ। SEQR-এর উদ্দেশ্য এটিকে অতি প্রয়োজনীয় হাউজিং উৎপাদন ধীর করা বা বন্ধ করার উপায় হিসেবে ব্যবহার করা ছিলো না। SEQR যাতে হাউজিং উৎপাদন এবং ক্রয়ক্ষমতার ক্ষেত্রে সাহায্য করতে এবং একই সাথে আমাদের পরিবেশকে রক্ষা করতে ব্যবহার করা হয় তা নিশ্চিত করতে গভর্নর Hochul-এর (হোকল) অর্থপূর্ণ সুপারিশ অনেক সাহায্য করবে।"

এন্টারপ্রাইজ কমিউনিটি পার্টনার্সের প্রোগ্রাম (Enterprise Community Partners)-এর প্রোগ্রামসের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট Baaba Halm (বাবা হাম) বলেন, "সাশ্রয়ী আবাসনের ক্ষেত্রে, প্রতিটি সেকেন্ড মূল্যবান। অনেক সময় SEQR সাশ্রয়ী হাউজিং প্রজেক্টের ক্ষেত্রে দীর্ঘ, অনেক খরচের, এবং মাঝে মাঝে পার করা যায় না এমন বাঁধা তৈরি করে। নিউ ইয়র্কবাসীদের অতি প্রয়োজনীয় সাশ্রয়ী বাসা তৈরির গতি বাড়ানোর একটি উপায় হিসেবে SEQR এর সংস্কারকে সনাক্ত করতে পারার জন্য, এন্টারপ্রাইজ, গভর্নর Hochul (হোকল)-কে সাধুবাদ জানায়।"

রিয়েল এস্টেট বোর্ড অফ নিউ ইয়র্ক (Real Estate Board)-এর পাবলিক পলিসির নির্বাহী ভাইস প্রেসিডেন্ট Basha Gerhards (বাসা গারহার্ডস) বলেন, "SEQRA-এর জন্য গভর্নরের চিন্তাশীল সংস্কার নতুন আবাসন তৈরির গতি বাড়াবে এবং উল্লেখযোগ্যভাবে সময় ও অর্থের সাশ্রয় করবে। এই প্রক্রিয়াটি সরল করার একটি সমাধান সনাক্ত করা এবং একই সাথে স্থানীয় রিভিউয়ের জন্য সুযোগ রক্ষা করার জন্য আমরা অ্যাডমিনিস্ট্রেশনের প্রশংসা করছি।"

হাডসন ভ্যালির বিল্ডিং অ্যান্ড রিয়েল্টি ইনস্টিটিউট (Building & Realty Institute of the Hudson Valley)-এর মুখ্য নির্বাহী কর্মকর্তা Tim Foley (টিম ফোলি) বলেন, "আমরা জানি যে ভালো আবাসন নীতি এবং ভালো জলবায়ুর নীতি একসাথে কাজ করে এবং ভালোভাবে নকশা করা, এনার্জি দক্ষ ইনফিল আবাসন যা ইতিমধ্যেই গড়ে ওঠা সাইটকে নতুন উদ্দেশ্যে ব্যবহার করে তা আমাদের আবাসনের ঘাটতি পূরণে সহায়তা করবে এবং একই সাথে গ্রিনহাউজ গ্যাস এমিশন কমাবে। প্রায়ই দেখা যায় যে, যেই প্রজেক্টগুলি পরিবেশের এবং কমিউনিটির জন্য সার্বিক লাভ নিয়ে আসবে, সেগুলিই লম্বা, অনিশ্চিত, এবং অনেক খরচের এনভায়রনমেন্টাল

রিভিউ এবং চ্যালেঞ্জের শিকার হয়। এই বাঁধাগুলি দূর করতে এবং এখানে বাস করতে এবং কাজ করতে চাওয়া সকলের জন্য একটি সাশ্রয়ী নিউ ইয়র্ক নিশ্চিত করতে আমাদের প্রয়োজনীয় উঁচু-বিল্ডিং এর শহুরে ঘনত্ব এবং বিচ্ছিন্ন শহরতলির বিস্তারের মধ্যে ভারসাম্য রক্ষাকারী, টেকসইভাবে তৈরি আবাসনের জন্য প্রণোদনা তৈরি করার একটি উপায় প্রস্তাব করার জন্য আমরা গভর্নর Hochul (হোকল) নেতৃত্বের প্রশংসা করি।"

Long Island Builders Institute-এর CEO Mike Florio (মাইক ফ্লোরিও) বলেন, "নিউ ইয়র্কের হাউজিং স্টোরেজের ঘাটতি একটি সঙ্কট যার জন্য পদক্ষেপ প্রয়োজন, এবং SEQRA-এর জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবিত সংশোধন হলো সঠিক দিকে অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। অতি প্রয়োজনীয় হাউজিংয়ের কাজ একেকবারে অনেক বছর দেরি করিয়ে দেওয়ার উদ্দেশ্যে SEQRA তৈরি হয়নি। রিভিউয়ের প্রক্রিয়াকে আধুনিক করা হলে এবং একই সাথে দৃঢ় পরিবেশের সুরক্ষা বজায় রাখা হলে এটি কমিউনিটিগুলিকে আরো দ্রুত হাউজিং যোগ করতে, পরিবারের জন্য খরচ কমাতে, এবং লং আইল্যান্ড ও নিউ ইয়র্ক স্টেটে স্মার্ট, দায়িত্বশীল বিকাশ সমর্থন করতে সাহায্য করবে।"

ক্যাপিটাল রিজিয়নের (Capital Region) চেম্বার এবং সেন্টার ফর ইকোনোমিক গ্রোথের (Center for Economic Growth) প্রেসিডেন্ট এবং CEO Mark Eagan (মার্ক ইগান) বলেন, "অনেক বেশি রেড টেপের মুখোমুখি এ নিউ ইয়র্ক স্টেটে ব্যবসা করা অনেক কঠিন একটি কাজ হতে পারে। এই প্রস্তাবনাটি হলো একটি বাস্তব উদাহরণ যে গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক স্টেটকে আরো প্রতিযোগিতামূলকক করতে আমাদের কথা শুনছেন। এটি নির্মাতাদেরকে আরো হাউজিং তৈরি করা এবং ফলে ক্রয়ক্ষমতার সঙ্কট সমাধান করার ক্ষমতা দিবে।"

অরেঞ্জ কাউন্টির পার্টনারশিপ সেন্টার ফর ইকোনমিক ডেভেলপমেন্টের (Partnership Center for Economic Development)-এর প্রেসিডেন্ট এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা Conor Eckert (কনর একার্ট) বলেন, "SEQRA আধুনিকীকরণের মাধ্যমে নিউ ইয়র্ক চাকরি তৈরি করা অর্থনৈতিক উন্নয়নের প্রকল্পগুলিকে আরো কার্যকরভাবে অগ্রসর করতে এবং একই সাথে শক্তিশালী পরিবেশগত সুরক্ষা বজায় রাখতে একসাথে কাজ করতে পারবে। এই সংশোধনগুলি বিনিয়োগকে আকৃষ্ট করবে, আঞ্চলিক অর্থনীতিকে জোরদার করবে, এবং নিশ্চিত করবে যাতে পুরো স্টেটের কমিউনিটিগুলিকে বিকাশ ও সমৃদ্ধি করতে পারে। এই ব্যাপারে তার নেতৃত্বের জন্য আমরা গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি।"

লং আইল্যান্ড হাউজিং সার্ভিসেস (Long Island Housing Services)-এর নির্বাহী পরিচালক Ian Wilder (ইয়ান ওয়াইল্ডার) বলেন, "লং আইল্যান্ডে SEQRA অনেক দিন ধরেই আমাদের পানীয় পানি, খোলা স্থান, এবং বাতাসের মান রক্ষার জন্য অপরিহার্য হয়ে আছে এবং এই সুরক্ষাগুলিকে অবশ্যই শক্তিশালী রাখতে হবে। এবং একই সময়ে আইনগত, পরিবেশগতভাবে দায়িত্বশীল হাউজিংয়ের কাজ দেরি করাতে বা ঠেকাতে অল্প কিছু মন্দ পক্ষের চ্যালেঞ্জ সংবিধির অপব্যবহার করছে, বিশেষ করে ইনফিল ডেভেলপমেন্ট, যথাযথ সিউয়েজ সিস্টেমসহ কোড মেনে চলা বাসা, এবং অ্যাক্সেসরি থাকার ইউনিট। চিন্তাশীল SEQRA সংশোধন ভারসাম্য ফেরত আনবে। এটি অর্থপূর্ণ এনভায়রনমেন্টাল রিভিউকে সংরক্ষণ করে এবং একই সাথে ট্র্যাফিক যানজটকে আরো খারাপ করা এবং মাটির পানি ও ইনফ্রাস্ট্রাকচারের উপর আরো চাপ সৃষ্টি করার বিস্তারকে বাড়ায় এমন অপব্যবহার কম করবে। সীমিত জমি এবং

মারাত্মক হাউজিং ঘাটতির একটি দ্বীপে, স্মার্ট, কম্প্যাক্ট হাউজিং পরিবেশের সুরক্ষার বিরোধী না, এটি হলো তা অর্জন করার করার সবথেকে কার্যকর উপায়গুলির একটি।"

সেন্ট্রাল নিউ ইয়র্ক ফেয়ার হাউজিং (Central New York Fair Housing)-এর নির্বাহী পরিচালক Sally Santangelo (স্যালি স্যান্টাঙ্গেলো) বলেন, "ন্যায্য আবাসন এমন কমিউনিটিগুলিতে বেড়ে উঠতে পারে যেখানে আবাসনের বৈচিত্র, হাঁটার যোগ্যতা, এবং গণপরিবহনকে সমর্থন করা হয়। CNY Fair Housing SEQR সংশোধনকে সমর্থন করে যা এই গুরুত্বপূর্ণ পরিবেশের সুরক্ষাকে আপডেট করবে এবং নিউ ইয়র্ক স্টেটের সকল মানুষের জন্য হাউজিংয়ের সুযোগ বাড়াতে ইনক্লুসিভ এবং সাস্টেনেবল বিকাশ সম্ভব করবে।"

Win-এর প্রেসিডেন্ট এবং CEO Christine C. Quinn (ক্রিস্টিনা সি কুইন) বলেন, "NYC-এর হোমলেস শেল্টারে ইয়াঙ্কি স্টেডিয়ামের (Yankee Stadium) আসনের থেকে বেশি শিশু আছে। আমরা যদি গৃহহীনতার সঙ্কট শেষ করতে চাই, আমাদেরকে সাশ্রয়ী হাউজিং নির্মাণের গতিকে বাড়াতে আমাদের পক্ষে সম্ভব সবকিছু করতে হবে। রেড টেপ দূর করার উপায় বের করা এবং নিউ ইয়র্কবাসীদের জন্য অনেক দরকারি আরো হাউজিং নির্মাণের গতি বাড়ানোর জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক হাউজিং কনফারেন্স (New York Housing Conference) এর নির্বাহী পরিচালক Rachel Fee (রাচেল ফি) বলেন, “নিউ ইয়র্কে আবাসন তৈরি চালু করার জন্য SEQRA সংস্কার অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমান প্রক্রিয়া প্রায়শই বছরের পর বছর বিলম্বের সৃষ্টি করে, খরচ বাড়ায় এবং উন্নত পরিবেশগত ফলাফল প্রদান না করেই আবাসন ও অবকাঠামো প্রকল্পগুলিকে বাধাগ্রস্ত করে। গভর্নরের প্রস্তাবিত আধুনিকীকরণ যথাযথভাবে উল্লেখযোগ্য প্রভাব সম্পন্ন প্রকল্পগুলির উপর দৃষ্টি নিবদ্ধ করবে, একই সাথে গুরুত্বপূর্ণ আবাসন প্রকল্পগুলিতে বিলম্ব হ্রাস করবে। সাশ্রয়ী মূল্যের আবাসন এবং নিউ ইয়র্কের জরুরিভাবে প্রয়োজন এমন অর্থনৈতিক প্রাণশক্তির অগ্রগতির জন্য SEQRA সংস্কার অপরিহার্য, একই সাথে শক্তিশালী পরিবেশগত সুরক্ষা বজায় রাখা।”

গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজ (Greater Rochester Enterprise)-এর প্রেসিডেন্ট এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা Matt Hurlbutt (ম্যাট হার্লবাট) বলেন, “অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলা এবং নিউ ইয়র্কবাসীর আবাসন, জ্বালানি, অবকাঠামো এবং অর্থনৈতিক উন্নয়নের অ্যাক্সেস সীমিত করে এমন সংস্কারমূলক নিয়মকানুনকে সহজ গভর্নর Hochul (হোকল) এর প্রচেষ্টাকে আমরা সমর্থন করি। বিনিয়োগের জন্য প্রতিযোগিতায় নামা এবং একটি পরিবর্তনশীল বৈশ্বিক বাজারের চ্যালেঞ্জ মোকাবেলা করার সময়, নির্মাণ ও অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রে নিউ ইয়র্কের দৃষ্টিভঙ্গি আধুনিকীকরণের জন্য আমরা গভর্নর, স্টেট সংস্থা এবং স্থানীয় কর্মকর্তাদের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

New York State Association of REALTORS® (নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ রিয়েলটর্স®)-এর সভাপতি রন গারাফালো বলেন, “নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ রিয়েলটর্স® গভর্নর Hochul (হোকল) এর নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল কোয়ালিটি রিভিউ অ্যাক্ট (SEQRA) কে সহজতর করার প্রস্তাবকে সমর্থন করে। প্রস্তাবগুলি আবাসনের গুরুত্বপূর্ণ প্রয়োজন পূরণ, প্রয়োজনীয় অবকাঠামো প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করা, অতিরিক্ত

আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলা কমানো এবং শক্তিশালী পরিবেশগত সুরক্ষা বজায় রেখে অর্থপূর্ণ সংশোধনের উপর জোর দেওয়ার মতো গুরুত্বপূর্ণ উদ্যোগগুলির জন্য প্রকল্পের সময়সীমা ত্বরান্বিত করবে। নিউ ইয়র্ক জুড়ে আবাসন সাশ্রয়ী মূল্যের লক্ষ্যে এই সংস্কারগুলি অপরিহার্য।"

সাফোক কাউন্টি ভিলেজ অফিসার্স অ্যাসোসিয়েশন (Suffolk County Village Officials Association)-এর প্রেসিডেন্ট এবং ব্রাইটওয়াটার্স ভিলেজ (Village of Brightwaters)-এর মেয়র John Valdini (জন ভালদিনি) বলেন, "সাফোক কাউন্টি ভিলেজ অফিসার্স অ্যাসোসিয়েশন অপ্রয়োজনীয় অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলা দূর করতে এবং কমিউনিটিগুলিকে বিচক্ষণ, দায়িত্বশীল বিকাশে সহায়তা করার জন্য নীতিগত পরিবর্তনগুলি ব্যবহারিক, সহজবোধ্য এবং ব্যাপকভাবে গ্রহণযোগ্য সমাধান হিসাবে উপস্থাপিত করার প্রচেষ্টাকে সমর্থন করে। গভর্নর Hochul (হোকল) এর দৃষ্টিভঙ্গি স্থানীয় জোনিং এবং স্বরাষ্ট্রের নিয়মাবলীকে মান্যতা দেয় এবং একই সাথে এমন একটি প্রক্রিয়াকে সহজ করে তোলে যা প্রায়শই আমাদের বাসিন্দাদের প্রয়োজনীয় প্রকল্পগুলিকে বিলম্বিত করে।"

অন্টারিও কাউন্টির অর্থনৈতিক উন্নয়ন (Ontario County Economic Development)-এর পরিচালক Ryan Davis (রায়ান ডেভিস) বলেন, "অন্টারিও কাউন্টি বোর্ড অফ সুপারভাইজারস (The Ontario County Board of Supervisors) অন্টারিও কাউন্টিতে আবাসনের জন্য নিম্নলিখিত লক্ষ্য নির্ধারণ করেছে: জীবনের সকল স্তর এবং চাহিদা পূরণের জন্য আবাসনের পছন্দে বৈচিত্র্য আনা; প্রবৃদ্ধিকে উদ্দীপিত করার জন্য উপযুক্ত এলাকায় আবাসন সম্প্রসারণ সহজতর করা; এবং অন্টারিও কাউন্টির পুরাতন আবাসনগুলিকে স্থিতিশীল করা। অর্থনৈতিক বিকাশকারী হিসেবে আমার ভূমিকায়, আমি দেখেছি যে আমাদের অনেক পৌরসভার "আবাসন-বান্ধব" লক্ষ্যগুলি প্রায়শই দুর্বহ বাধ্যবাধকতা এবং ব্যয়বহুল পরিবেশগত পর্যালোচনা নীতির কারণে বাধাগ্রস্ত হয়েছে। যখন ফিঙ্গার লেকস অঞ্চলের মধ্যবর্তী কমিউনিটিগুলির বহুল চাহিদাযুক্ত আবাসিক উন্নয়নের প্রসঙ্গ আসে তখন তারা অনেক চ্যালেঞ্জের সম্মুখীন হয় – আমি বিশ্বাস করি গভর্নর Hochul (হোকল) এর "লেট দেম বিল্ড" সংস্কারগুলি অন্টারিও কাউন্টিতে আবাসন সম্প্রসারণের ক্ষেত্রে এই বাধাগুলির কয়েকটি অপসারণে সহায়তা করবে এবং এটিকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি তাকে সাধুবাদ জানাই।"

পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটি (Partnership for New York City) এর প্রেসিডেন্ট এবং নির্বাহী কর্মকর্তা Steven Fulop (স্টিভেন ফুলপ) বলেন, "পার্টনারশিপের বোর্ড সদস্যদের কাছ থেকে আমি প্রায়ই শুনি যে অনেকদিন আগেই SEQRA-এর সংস্কারের প্রয়োজন ছিল। এটি অপ্রয়োজনীয়ভাবে আমলাতান্ত্রিক এবং এটি প্রকল্পগুলিকে অপ্রয়োজনীয়ভাবে দীর্ঘায়িত করে। আমি আনন্দিত যে গভর্নর Hochul (হোকল) এটি স্বীকার করছেন, কারণ এটি সিটিতে আবাসন গড়ে তোলার খরচ বৃদ্ধির একটি অপ্রয়োজনীয় কারণ।"

রিবিল্ডিং টুগেদার (Rebuilding Together) NYC-এর নির্বাহী পরিচালক Valerie Payne (ভ্যালেরি পেইন) বলেন, "রিবিল্ডিং টুগেদার **NYC**, যার লক্ষ্য হল ঘরবাড়ি মেরামত করা, জীবন পুনর্নির্মাণ করা এবং কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করা, তার নির্বাহী পরিচালক হিসেবে, আমাদের কাজ গভর্নরের "লেট দেম বিল্ড" উদ্যোগের সাথে প্রত্যক্ষভাবে সামঞ্জস্যপূর্ণ।

আবাসন সংকটের মধ্যে বিদ্যমান বাড়িগুলিকে সংরক্ষণের জন্য গুরুত্বপূর্ণ মেরামত প্রদানকারী একটি অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে, আমরা নিউ ইয়র্ক সিটির আশেপাশের এলাকাগুলির আরও নির্মাণ এবং অবকাঠামো উন্নত করার প্রয়োজনীয়তাটি স্পষ্টভাবে বুঝতে পারি। আমরা এমন অনেক বাড়ির মালিকদের সাথে কাজ করি যারা তাদের বাড়িঘর রক্ষণাবেক্ষণ করার সামর্থ্য রাখে না এবং নির্দিষ্ট আয়ের উপর জীবনযাপন করে এবং আমাদের সহায়তা ছাড়া, তাদের আর কোথাও যাওয়ার সুযোগ নেই। বাড়ি মেরামতের আমাদের গুরুত্বপূর্ণ কাজ উচ্ছেদ রোধ করে, সেইসাথে পরিবেশগত ঝুঁকির সাথে বসবাস করা বয়স্ক মানুষদের হাসপাতালে ভর্তি হওয়া এড়ানো যাওয়া যায় এবং পারিবারিক সম্পদ সংরক্ষণ করা যায়। যদি বাধ্যতামূলকভাবে অন্যত্র স্থানান্তরিত হতে হয়, তাহলে বাড়ির মালিকরা নতুন ভবনের ভাড়া বহন করতে পারবেন না। "লেট দেম বিল্ড" আশা দেয় যে ভবিষ্যতে, আমাদের নিম্ন-আয়ের নিউ ইয়র্ক সিটির বাড়ির মালিকরা এতটা ঝুঁকিপূর্ণ অবস্থানে থাকবে না। ধন্যবাদ, গভর্নর Hochul (হোকল)!"

সাপোর্টিভ হাউজিং নেটওয়ার্ক অফ নিউ ইয়র্ক (Supportive Housing Network of New York) এর নির্বাহী পরিচালক Pascale Leone (প্যাসকেল লিওন) বলেন, "নেটওয়ার্কটি, জরুরিভাবে প্রয়োজনীয় সহায়ক আবাসন সহ আরও আবাসন নির্মাণের জন্য গভর্নরের প্রতিশ্রুতিকে দৃঢ়ভাবে প্রতিফলিত করে। এই বছরের বাজেটে প্রস্তাবিত সংস্কারগুলি পরিবেশগত সুরক্ষা এবং নিউ ইয়র্কের আবাসন সংকট মোকাবেলার জরুরি প্রয়োজনের মধ্যে ভারসাম্য বজায় রেখেছে।"

LISC NY-এর জাতীয় আবাসনের কৌশলগত উদ্যোগ (National Housing Strategic Initiatives)-এর প্রধান এবং সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর Valerie White (ভ্যালেরি হোয়াইট) বলেন, "নিউ ইয়র্কের আবাসন সংকট মোকাবেলার সবচেয়ে কার্যকর উপায় হল আরও আবাসন নির্মাণ করা এবং প্রকল্পের গতি কমিয়ে দেয় বা সম্পূর্ণভাবে বন্ধ করে দেয় এমন বাধাগুলি অপসারণ করা এবং পুরানো নিয়মগুলিকে আধুনিকীকরণ করা সেই লক্ষ্য অর্জনে সহায়তা করবে। গভর্নর Hochul (হোকল) এই গুরুত্বপূর্ণ সংস্কারগুলিকে এগিয়ে নিয়ে যাওয়ার ফলে নিউ ইয়র্ক স্টেট জুড়ে আবাসনের উন্নয়নে গতি আসবে এবং আমরা দেখার অপেক্ষায় আছি যে কীভাবে তারা কমিউনিটি-কেন্দ্রিক, টেকসই এবং প্রকৃত আবাসন চাহিদার প্রতি প্রতিক্রিয়া জানিয়ে আশেপাশের অঞ্চলগুলির বৃদ্ধিতে সহায়তা করে।"

CDC LI-এর প্রেসিডেন্ট এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা Gwen O'Shea (গোয়েন ও'শিয়া) বলেন, "লং আইল্যান্ডে আবাসন সংকট তীব্র; এর পেছনে আংশিকভাবে যোগানের অভাব এবং ক্রয়ক্ষমতার অভাব দায়ী। আরও আবাসনের সুযোগ তৈরির জন্য অপ্রয়োজনীয় বাধা অপসারণ করা সমগ্র লং আইল্যান্ডের জন্য একটি জয়। এই প্রস্তাব লং আইল্যান্ডবাসীদের জন্য আরও বেশি বাড়ি তৈরির সুযোগ করে দেবে এবং একই সাথে লং আইল্যান্ডের পরিবেশের অনন্যতা এবং সৌন্দর্য রক্ষা করবে।"

NYU ফুরম্যান সেন্টার (Furman Center)-এর ফ্যাকাল্টি ডিরেক্টর Vicki Been (ভিকি বিন) বলেন, "ইনফিল আবাসন এবং অন্যান্য কিছু ধরনের উন্নয়নের জন্য পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়ার খরচ, সুবিধার চেয়ে বেশি কিনা, NYU-এর ফুরম্যান সেন্টার দীর্ঘদিন ধরেই তা নিয়ে উদ্বেগ প্রকাশ করে আসছে। আরও কয়েকটি স্টেট পরিবেশগত পর্যালোচনাকে সুবিন্যস্ত এবং লক্ষ্যীভূত করার ক্ষেত্রে অগ্রগতি শুরু করেছে এবং নিউ ইয়র্কের জন্য এই

গুরুত্বপূর্ণ সমস্যাটি মোকাবেলা করার জন্য আমরা গভর্নর Hochul (হোকল) এবং তার দলের প্রশংসা করি।"

বাফেলো সিটির মেয়র Sean Ryan (শন রায়ান) বলেন, "যত দিন যাচ্ছে, বাফেলোর আবাসনের আরও বেশি প্রয়োজনীয়তা এবং আমাদের গুরুত্বপূর্ণ অবকাঠামোর আধুনিকীকরণের প্রয়োজনীয়তা তাত স্পষ্ট হয়ে উঠছে। গভর্নর Hochul (হোকল) এর 'লেট দেম বিল্ড' এজেন্ডা সরকারকে আমাদের কমিউনিটিগুলির চাহিদার গতির সাথে তাল মিলিয়ে কাজ করতে সহায়তা করে। এর ফলে ব্যয় বৃদ্ধিকারী এবং মানুষ ইতিমধ্যেই যে প্রকল্পগুলিকে সমর্থন করে সেগুলিকে বিলম্বিত করা, অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতা মেনে চলা বন্ধ হবে — সেইসাথে নিউ ইয়র্কবাসীরা যে পরিবেশগত সুরক্ষাগুলি আশা করে তা সংরক্ষণ করবে। এই সংস্কারগুলি বাফেলোর মতো আপস্টেট সিটিগুলিকে সাশ্রয়ী মূল্যের আবাসন, বিশুদ্ধ পানির অবকাঠামো এবং বছরের পর বছর ধরে এড়ানো সম্ভব এমন বিলম্ব ছাড়াই আমাদের আশেপাশের এলাকায় সরাসরি বিনিয়োগে সহায়তা করবে।"

নাসাউ কাউন্টি ভিলেজ অফিসার্স অ্যাসোসিয়েশন (Nassau County Village Officials Association)-এর প্রেসিডেন্ট Elena Villafane (এলেনা ভিলাফেন) বলেন, "নাসাউ কাউন্টি ভিলেজ অফিসার্স অ্যাসোসিয়েশন অনুমোদন প্রক্রিয়া সহজীকরণ, অপ্রয়োজনীয় বাধা দূরীকরণ এবং কমিউনিটিগুলিকে দক্ষতার সাথে কাজ করার জন্য সরঞ্জাম প্রদানের প্রচেষ্টাকে সমর্থন করে। জোনিং-এর ক্ষেত্রে স্থানীয় সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং গভর্নর Hochul (হোকল) এর পরিকল্পনা ভিলেজগুলিকে ন্যায্য প্রবৃদ্ধি অর্জনের সুযোগ করে দেয়।"

গভর্নর Hochul (হোকল)-এর আবাসন এজেন্ডা

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধান করতে এবং স্টেটকে সকল নিউ ইয়র্কবাসীদের জন্য আরো সাশ্রয়ী ও আরো বাসযোগ্য করার ব্যাপারে নিবেদিত। 2023 সালের অর্থবছর থেকে গভর্নর প্রায় 4 বিলিয়ন ডলারের লক্ষ্যভিত্তিক বিনিয়োগ, একটি ব্যাপক আবাসন পরিকল্পনা এবং ভাড়াটে ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা ব্যবস্থা বাস্তবায়নের মাধ্যমে আবাসনের সরবরাহ বাড়াতে কাজ করেছেন। গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, HCR নতুন কর্মসূচি তৈরি করেছে যা ভাড়াটে এবং বাড়ি ক্রেতা উভয়ের জন্যই সাশ্রয়ী ও মিশ্র-আয়ের বাড়ি নির্মাণের কাজকে গতি দেয়। এর মধ্যে রয়েছে প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রাম (Pro-Housing Community Program), যা প্রত্যয়িত স্থানীয় এলাকাগুলোকে স্টেটের বিবেচনামূলক তহবিল থেকে 750 মিলিয়ন ডলার পর্যন্ত একচেটিয়া সুবিধা পাওয়ার সুযোগ দেয়। বর্তমানে, 400টিরও বেশি কমিউনিটি প্রো-হাউজিং শংসাপত্র পেয়েছে।

2027 সালের অর্থবছরের নির্বাহী বাজেটটি গভর্নরের বর্তমান পাঁচ বছর মেয়াদী, 25 বিলিয়ন ডলারের আবাসন পরিকল্পনাকে (Housing Plan) সম্পূর্ণ করে, যার লক্ষ্য হল স্টেটজুড়ে 100,000 সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করা, যার মধ্যে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা সহ 10,000টি বাড়ি এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়নের ব্যবস্থা অন্তর্ভুক্ত রয়েছে। এখনও পর্যন্ত 77,000টিরও অধিক সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি বা সংরক্ষণ করা হয়েছে। নির্বাহী বাজেট সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণকে ত্বরান্বিত করার জন্য 250

মিলিয়ন ডলার বিনিয়োগ করছে, যাতে আরও হাজার হাজার সাশ্রয়ী মূল্যের বাড়ি দ্রুত নির্মাণ করা যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন